ঝিনাইদহে বেসরকারি শিক্ষকদের কর্মবিরতি ও প্রতিবাদ সমাবেশ

এমপিও ভুক্ত শিক্ষকদের মূল বেতনের ২০ শতাংশ বাড়িভাড়া, ১৫০০টাকা চিকিৎসা ভাতা এবং ৭৫ শতাংশ উৎসব ভাতা প্রদানের দাবিতে ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচী পালনরত শিক্ষকদের উপর পুলিশের হামলা ও নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মবিরতি ও শিক্ষক-কর্মচারীদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল থেকে ঝিনাইদহ সদর, হরিণাকুণ্ডু, শৈলকুপা, কালীগঞ্জ, কোটচাঁদপুর ও মহেশপুর উপজেলার বিভিন্ন বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এই কর্মসূচী পালন করে। শিক্ষকদের উপরে হামলার প্রতিবাদে হরিণাকুণ্ডুর সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ, জোড়াদহ কলেজ, প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ, হাজী আরশাদ আলী কলেজ, মানদিয়া আইডিয়াল কলেজ, পাইলট মাধ্যমিক বিদ্যালয়, ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়, দখলপুর সিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান কর্মবিরতিসহ ছাত্র-ছাত্রীদের নিয়ে প্রতিবাদ সভা ও মানববন্ধন পালন করে।

এছাড়া শিক্ষক কর্মচারীদের যৌক্তিক দাবির সাথে একাত্বতা ঘোষণা করেন এবং ঘটনার তীব্র নিন্দা জানান হরিণাকুণ্ডু আদর্শ শিক্ষক ফেডারেশনের সাধারণ সম্পাদক মাহাবুব মুর্শেদ শাহিন।

হরিণাকুণ্ডু উপজেলা শিক্ষক কর্মচারী ঐক্য জোটের সভাপতি আবুল হাসান মাস্টার জানান, এমপিও ভুক্ত শিক্ষকদের জাতীকরণের দাবিতে আমরা গত ৭ অক্টোবর ঢাকাতে একটি প্রোগ্রাম করেছিলাম। সেখানে আমাদের নেতাদের দাবি ছিলো জাতীয়করণের। তবে শিক্ষকদের দাবি নিয়েই যখন আন্দোলন হচ্ছে সেখানে, তাই অনাকাঙ্খি ঘটনার তীব্র নিন্দা জানান এই শিক্ষক নেতা।

ঝিনাইদহ সদরের আব্দুর রউফ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক শাহীন রেজা জানান শিক্ষকদের উপরে হামলার তীব্র নিন্দা জানায় এবং শিক্ষকদের যোক্তিক দাবি বাস্তবায়ন করার জোর দাবি করছি। এছাড়া সদর উপজেলার ঝিনাইদহ কলেজ, উত্তর নারায়নপুর মাধ্যমিক বিদ্যালয়,

কাঞ্চননগর স্কুল এন্ড কলেজ, ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ, ফজর আলী স্কুল এন্ড কলেজ, কালীগঞ্জের নুর আলী ডিগ্রি কলেজ, শৈলকুপার গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, মিয়া জিন্না আলম ডিগ্রি কলেজসহ জেলার সকল মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান দিনভর স্কুলে উপস্থিত থেকে কর্মবিরতি পালন করে। জেলার কিছু কিছু প্রতিষ্ঠান শিক্ষকদের উপরে হামলার প্রতিবাতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ পালন করে আন্দোলনকারীদের সাথে সংহতি প্রকাশ করেছে। কর্মবিরতি কালে শিক্ষকরা জানান, তিনদফা দাবি বাস্তবায়ন না হলে তারা ক্লাসে ফিরে যাবেন না। অনেক ছাত্র-ছাত্রী শিক্ষকদের এই আন্দোলনের সাথে শরিক হন। এ বিষয়ে হরিণাকুণ্ডু উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আব্দুল বারী জানান, শিক্ষক কর্মচারীদের উপরে হামলা হলে তারা তো প্রতিবাদ করতেই পারে। এখানে আমাদের কি বলার আছে এ ব্যাপারে সরকার যে সিদ্ধান্ত নেবে সেটাই হবে।

ঝিনাইদহে তালাবদ্ধ দোকানঘর থেকে স্ত্রীর মৃতদেহ উদ্ধার, স্বামী পলাতক

ঝিনাইদহে স্বামীর তালাবদ্ধ দোকানঘর থেকে স্ত্রী তাসলিমা খাতুন
(৩৮) নামে এক গৃহবধুর মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল রবিবার রাতে ঝিনাইদহ শহরতলীর গোপীনাথপুর এলাকার ওই কাঠের দোকানের ভিতর থেকে মৃতদেহটি উদ্ধার করা হয়। এ ঘটনার পর থেকে তাসলিমা খাতুনের স্বামী লাল মিয়া পলাতক রয়েছে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, ঝিনাইদহ শহরতলীর গোপিনাথপুর গ্রামের কাঠমিস্ত্রী লাল মিয়া ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের পাশে একটি দোকান করে ফার্নিচার তৈরির কাজ করেন।

সকালে লালমিয়া দোকানে এলে বাড়ি থেকে তার স্ত্রী তাসলিমা খাতুনও দোকানে আসে। বিকেলে তার ছেলে বাড়িতে এসে বাবা-মা কাউকেই খুজে পায়না। অনেক খোঁজাখুজি পরে তাদের কাঠের দোকানে গেলে ঘরের ভিতর

তার মা তাসলিমার মৃতদেহ দেখতে পায়। তখন সে পুলিশে খবর দেয়। পরে পুলিশ এসে তার মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে। এটি হত্যাকান্ড বলে পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে।

ঝিনাইদহে সেনাবাহিনীর যৌথ অভিযানে অস্ত্রসহ আটক ২

বাংলাদেশ সেনাবাহিনী ঝিনাইদহ ক্যাম্পের একটি দল রবিবার (১২ অক্টোবর) রাত ২ টা থেকে ভোর সোয়া চারটা পর্যন্ত ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়ন এলাকায় এক যৌথ অভিযান পরিচালনা করে।

অভিযানে বিষয়খালী গ্রামের লতিফ মিয়ার ছেলে কালু (৪০) এবং সুলতান শেখের ছেলে বাদশা (৪৮) কে আটক করা হয়।

অভিযানের সময় ১টি ওয়ান শ্যুটার পিস্তল এবং ১টি শটগান উদ্ধার করা হয়। পরবর্তীতে জিজ্ঞাসাবাদে কালু তার কাছে অতিরিক্ত বিস্ফোরক দ্রব্য থাকার কথা স্বীকার করে।

এ সময় আরও দুটি শটগান এমোনেশন, তিনটি ওয়ান স্যুটার এমোনেশন, তিনটি হাত বোমা ও ২ টি ককটেল উদ্ধার করা হয়। আটক কালু তার সহযোগী বাদশা-র সংশ্লিষ্টতার কথা স্বীকার করে। পরবর্তীতে যৌথ বাহিনী বাদশার বাড়িতে অভিযান পরিচালনা করে। বাদশা পালানোর চেষ্টা করলে তাকে ঘিরে ফেলা হয় এবং তাকেও আটক করা হয়। পরবর্তীতে আসামিদেরকে থানা পুলিশে হস্তান্তর করা হয় ।

ঝিনাইদহ সেনা ক্যাম্প কমান্ডার জানান বাংলাদেশ সেনাবাহিনী সর্বদা দেশের শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে বদ্ধপরিকর।

তিনি জানান, জনগণের আস্থা ও সহযোগিতা নিয়েই সেনাবাহিনী সমাজ থেকে অবৈধ অস্ত্র, সন্ত্রাস ও চাঁদাবাজি নির্মূলে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এই ধরনের অভিযান এলাকার শান্তি ও সম্প্রীতি ফিরিয়ে আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

পিআরসহ ৫ দফা দাবিতে ঝিনাইদহে জামায়াতের স্মারকলিপি পেশ

পিআর পদ্ধতিতে নির্বাচন ও জুলাই সনদ বাস্তবায়নসহ ৫ দফা দাবিতে ঝিনাইদহে র্যালি ও প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি পেশ করেছে জামায়াতে ইসলামী।

আজ রোববার সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে জেলা জামায়াতের পক্ষ থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে তাদের দাবি-সংবলিত স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর পেশ করেন।

এর আগে শহীদ মিনার চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে জেলা জামায়াতের আমির অধ্যাপক আলী আজম মো. আবু বকর, নায়েবে আমির আব্দুল আলিম, সেক্রেটারি অধ্যাপক আব্দুল আওয়াল, সহকারী সেক্রেটারি কাজী সগির আহম্মদ, কেন্দ্রীয় শুরা সদস্য প্রফেসর মতিয়ার রহমান, বাইতুল মাল সম্পাদক তাজুল ইসলাম, সদর শাখার আমির ড. হাবিবুর রহমান, শহর শাখার আমির অ্যাড. ইসমাইল হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সে সময় বক্তারা ফেব্রুয়ারিতে নির্বাচনের আগেই জুলাই সনদ বাস্তবায়ন করে পিআর পদ্ধতিতে নির্বাচনের দাবি জানান। সেই সঙ্গে জাতীয় পার্টিসহ ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ করা এবং ফ্যাসিস্ট সরকারের গণহত্যা ও দুর্নীতির দৃশ্যমান বিচারের দাবি জানান।

ঝিনাইদহে আত্মহত্যা প্রতিরোধে

সচেতনতামূলক সাইকেল র্যালি

আত্মহত্যা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি ও সমাজে ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে সাইকেল র্যালি। সদর উপজেলার স্বেচ্ছাসেবী সংগঠন ‘তারুণ্যের অগ্রযাত্রা’ এ র্যালির আয়োজন করে।

আজ রোববার সকাল ১০টায় সদর উপজেলার আব্দুর রউফ ডিগ্রি কলেজ মাঠ থেকে র্যালির সূচনা হয়। কলেজের অধ্যক্ষ জেএম রবিউল ইসলাম র্যালির উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন, সংগঠনের প্রধান উপদেষ্টা সাকিব মোহাম্মদ আল হাসান এবং ডাকবাংলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ আনিসুর রহমান।

র্যালিটি সদর উপজেলার সাধুহাটি ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রদক্ষিণ করে চুয়াডাঙ্গা-ঝিনাইদহ মহাসড়ক হয়ে মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়।

শেষে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক আলাউদ্দীন আজাদ এবং সাধুহাটি ইউনিয়ন পরিষদের সচিব রমজান আলী। র্যালিতে সাধুহাটি ইউনিয়নের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে।

ঝিনাইদহে ডিম দিবস পালিত

ঝিনাইদহে ডিম দিবস উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও বিনামুল্যে সিদ্ধ ডিম বিতরণ করা হয়েছে। এবারের ডিম দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল “ডিমে আছে প্রোটিন, খেতে হবে প্রতিদিন।”

ঝিনাইদহ জেলা প্রাণিসম্পদের আয়োজনে দিবসটি পালিত হয়। আজ শুক্রবার সকালে জেলা প্রাণি সম্পদ কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে শহর প্রদক্ষিণ করে একই জায়গায় এসে শেষ হয়। র্যালি শেষে জেলা প্রাণিসম্পদ কার্যালয়ের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত

হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃএ.এস.এম আতিকুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ভেটেরিনারি কর্মকর্তা ডা: সঞ্জিব কুমার বিশ্বাস, দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক আলাউদ্দিন আজাদ, ঝিনাইদহ কৃষি সম্প্রসারনের উপ-পরিচালক মোঃ কামরুজ্জামান। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝিনাইদহ সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: মোঃ রেজাউল করিম। এসময় আরো বক্তব্য রাখেন, ঝিনাইদহ সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডাঃজহির রায়হান ঝিনাইদহ পোল্টি মালিক সমিতির সভাপতি হামিদুর রহমান।

অনুষ্ঠানটি প্রেজেন্টেশন করেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ জিল্লুর রহমান। এছাড়া ৬টি উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী, বিভিন্ন কোম্পানীর প্রতিনিধিগণ ও পোল্ট্রি মালিক সমিতির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আলোচনা অনুষ্ঠান শেষে পথচারীদের মাঝে বিনামুল্যে সিদ্ধ ডিম বিতরণ করা হয়।

ঝিনাইদহে পুলিশের তাল গাছের চারা রোপণ

বজ্রপাত প্রতিরোধ ও পরিবেশের ভারসাম্য রক্ষায় ঝিনাইদহে মহাসড়কের পাশে তালগাছের চারা রোপণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) সকালে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কে বোরায় মাঠে হাইওয়ে পুলিশের পক্ষ থেকে এ চারা রোপণ কার্যক্রমের উব্দোধন করা হয়।

আরাপপুর হাইওয়ে পুলিশের ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস জানান, ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটি থেকে ১০ মাইল পর্যন্ত মহাসড়কের পাশে ২০০

তাল গাছের চারা রোপণ করা হবে।

বজ্রপাত প্রতিরোধ, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং সড়কের নান্দনিক সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়ে ওসি বলেন, এ কার্যক্রমের মাধ্যমে একদিকে যেমন মানুষ বজ্রপাতের ঝুঁকি থেকে নিরাপদ থাকবে, তেমনি সবুজে ঘেরা পরিবেশ সৃষ্টি হবে সড়কজুড়ে। পাশাপাশি বৃক্ষরোপণের এই উদ্যোগ স্থানীয়দের মধ্যে পরিবেশ সচেতনতা বাড়াবে এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ভূমিকা রাখবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। কর্মসূচীতে হাইওয়ে পুলিশের সেকেন্ড অফিসার, এস আই ইয়াছির আরাফাত, সার্জেন্ট হোসাইন আহম্মেদ তুর্য, এ এস আই রবিউল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে নানা দাবীতে স্মারকলিপি প্রদান

ঝিনাইদহে বধির ও শ্রবন প্রতিবন্ধীদের আত্ম কর্মসংস্থান ও মৌলিক অধিকার নিশ্চিতের দাবীতে স্মারকলিপি প্রদান করা হয়েছে।

বুধবার সকালে ইশারাভাষী কল্যাণ সংস্থার পক্ষ থেকে ঝিনাইদহ জেলা প্রশাসকের নিকট এই স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারক লিপিতে প্রতিবন্ধীর জানান, আমাদের জেলায় অসংখ্য শ্রবন প্রতিবন্ধী বধির জনগোষ্ঠী রয়েছে তাদের জন্য রাষ্ট্রিয় কোন উল্লেখযোগ্য সহায়তা বা অনুদান প্রদানের পদক্ষেপ নিতে দেখা যায় না বললেই চলে। তাদের আর্থসামাজিক উন্নয়ন ও পূর্ন বাসনের লক্ষ্য ন্যায্য মৌলিক অধিকার নিশ্চিতে নিম্নলিখিত ৭ দফা দাবি আদায়ে তারা মাননীয় জেলা প্রশাসকের নিকট এই স্মারকলিপি প্রদান করা হয়।

তাদের ৭ দফা দাবি সমূহ- ১। আমাদের সংস্থা ও সংগঠনের নামে একটি নিজস্ব কার্যালয় স্থাপনে স্থানীয় একখন্ড সরকারি ভূমি বরাদ্দ প্রদান। ২। ভবঘুরে ও দরিদ্র বধির সদস্যদের জন্য কর্ম সংস্থান ও পূর্ণবাসনে আর্থিক সাহায্য ও আবাসন নির্মান প্রদান। ৩। সকল বধিরদের জন্য সামাজিক পূর্ন নিরাপত্তা ও সার্বিক সাহায্য

সহযোগিতা করণ এবং আক্রান্ত ভুক্তভোগী সদস্যদের জন্য আইনগত সেবা প্রদান। ৪। ত্রাণ ও খাদ্য মন্ত্রনালয় হতে খাদ্য সামগ্রী প্রদান ও ভিজিএফ কার্ড ইস্যু এবং জিআর চাল বরাদ্দ । ৫। সকল বধিরদের জন্য যাতায়াতের সুবিধার্থে লোকাল গণপরিবহন হাফ ভাড়ার ব্যবস্থা গ্রহণ।
৬। সকল বধিরদের জন্য ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে তফসিলি ব্যাংক হতে সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ প্রদান ও ৭। জাতীয় বধির ঐক্য পরিষদের উদ্যোগে আসন্ন ঢাকায় মহাসমাবেশে ১৫ দফা দাবি আদায়ে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপির প্রতি সমর্থন ও উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণে সার্বিক নিরাপত্তা প্রদান।

স্মারক লিপি প্রদান কালে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ইশারাভাষী কল্যাণ সংস্থার সভাপতি আলমগীর কবীর, সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, ক্রীড়া সম্পাদক রতন মিয়া এবং ইশারাভাষী দোভাষী আরিফ হাসান।

ঝিনাইদহে ভ্যানচালক ও তার ছেলেকে কুপিয়ে জখম

ঝিনাইদহে ভ্যান ভাড়া নিয়ে কথাকাটির জেরে ভ্যানচালক জাহাঙ্গীর হোসেন (৫৫) ও ছেলে ইজাজুল হক (২৪) কুপিয়ে জখম করেছে এক সন্ত্রাসী।

গতকাল মঙ্গলবার রাত পৌনে ৮টার দিকে সদর উপজেলার গোয়ালপাড়া গ্রামে এই ঘটনা ঘটে।

জাহাঙ্গীর হোসেন সদর উপজেলার বাজিতপুর গ্রামের আব্দুল মজিদের ছেলে এবং ইজাজুল হক জাহাঙ্গীর হোসেনের ছেলে। জাহাঙ্গীর হোসেন এলাকায় ব্যাটারী চালিত ভ্যান চালিয়ে জীবিকা নির্বাহ করেন এবং ছেলে ইজাজুল গোয়ালপাড়া বাজারের ফুটপাথে ঝালমুড়ি বিক্রি করে। স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় বাবা-ছেলেকে উদ্ধার করে ঝিনাইদহ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেছে।

ঝিনাইদহ ২৫০ শয্যা বিশিষ্ঠ জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডাঃ সুলতানা মেফতাহুল জান্নাত বলেন, বাবা-ছেলে

দুইজনকেই ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করা হয়েছে। ইজাজুল হকের অবস্থা আশঙ্কাজনক। তার ঘাড়ের শিরা কেটে গেছে। তার মাথা ও শরীরের বিভিন্ন জায়গায় কুপিয়ে জখম করা হয়েছে। তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার করা হয়েছে।

আহত জাহাঙ্গীর হোসেনের ভাই ইকবাল হোসেন বলেন, তার ভাই ব্যাটারি চালিত ভ্যান চালিয়ে জীবিকা নির্বাহ করে। সন্ধ্যার পরে গোয়ালপাড়া বাজারে রাস্তার পাশে ভ্যান নিয়ে দাঁড়িয়ে ছিল। এসময় ঘোড়ামারা গ্রামের আঃ রহিমের ছেলে শিমুল হোসেন তাকে ভ্যান নিয়ে কোথাও যেতে বললে সে জানায় রাত হয়ে গেছে এখন যাবো না। এতে শিমুলের সাথে কথাকাটি হয় জাহাঙ্গীরের। এক পর্যায়ে শিমুল ধারালো দা নিয়ে এসে তাকে কোপানো শুরু করে। ছেলে ইজাজুল ঠেকাতে গেলে তাকেও কুপিয়ে জখম করে। পরে আমরা হাসপাতালে নিয়ে আসি।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, গোয়ালপাড়া বাজারে ভ্যানভাড়া নিয়ে দ্বন্দ্বের জেরে দুইজনকে কুপিয়ে জখমের সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিবারের পক্ষ থেকে মামলা করলে আইনানুগ ব্যবস্থা নেব।

ঝিনাইদহে জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন

“আমি কন্যা শিশু,স্বপ্ন গড়ি,সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যে ঝিনাইদহে জাতীয় কন্যা শিশু দিবস উদযাপন করা হয়েছে।

বুধবার (৮ অক্টোবর) সকাল ১০ টায় এ উপলক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাইফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল, বিশেষ অতিথি ছিলেন পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক মোজাম্মেল করিম, এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী মনোয়ার উদ্দীন।